তারিখ ..26 APR 2016.....
পৃষ্ঠা ...৪... কলাম....৬......

সমকাল

রাবি শিক্ষক হত্যা

# বিচারের দাবি ঢাবি শিক্ষক সমিতির

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীর খুনিদের অবিলম্বে গ্রেফতার ও বিচারের আওতায় আনার দাবি জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। একই সঙ্গে সরকারকে সর্বোচ্চ শক্তি দিয়ে দ্রুত এ হত্যাকাণ্ডের বিচারের আহ্বান জানানো হয়েছে। গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন সংলগ্ন বটতলার সামনে আয়োজিত এক মানববন্ধনে এ আহ্বান জানান শিক্ষক নেতারা।

দেশে বিচারহীনতার কারণে বারবার এমন ঘটনা ঘটছে বলে মন্তব্য করে সমিতির সভাপতি অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমেদ বলেন, সরকার যদি এর আগে বিভিন্ন হত্যাকাণ্ডে জড়িতদের বিচারের আওতায় আনত, তাহলে হত্যার এ ধারাবাহিকতা অব্যাহত থাকত না। সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল বলেন, রাবিতে এখন হত্যাকাণ্ডের মহড়া চলছে। আমরা যারা এসব হত্যার প্রতিবাদ এবং অসাম্প্রদায়িকতার কথা বলছি, তারাও জানি না কিছুক্ষণ পর আমরা জীবিত থাকতে পারব কি-না।

মানববন্ধনে শিক্ষক সমিতির নীল দলের আহ্বায়ক নাজমা শাহীন, সমিতির সদস্য কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আখতারুজ্জামান, টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এজেএম শফিউল আলম ভূঁইয়া, অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক, অধ্যাপক এমএম আকাশসহ দুই শতাধিক শিক্ষক অংশ নেন।